

জাতির পিতার স্বপ্নলালিত সোনার বাংলা'র লক্ষ্য বাস্তবায়ন করছেন বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা
----- মুখ্য সমন্বয়ক (এসডিজি) মোঃ আবুল কালাম আজাদ

ঢাকা- ২১ আগস্ট, ২০১৯

আজ সকালে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে 'শ্রম কল্যাণ সম্মেলন ২০১৯' এর ২য় দিনে শ্রম কাউন্সেলর ও প্রথম সচিবদের এক কর্মশালায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) মোঃ আবুল কালাম আজাদ বলেন, জাতির পিতার স্বপ্নলালিত সোনার বাংলা'র লক্ষ্য বাস্তবায়ন করছেন বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, দেশের মানুষের আর্থ সামাজিক অবস্থা উন্নয়নে সরকার নানা রূপকল্প ও কর্মসূচী গ্রহণ করেছে। প্রধানমন্ত্রীর দশটি বিশেষ উদ্যোগ তার মধ্যে অন্যতম। বাংলাদেশ এখন বিনিয়োগের উপযুক্ত স্থান উল্লেখ করে তিনি আরো বলেন, প্রতিবেশি দেশগুলোর তুলনায় বাংলাদেশ এখন নানা সূচকে এগিয়ে আছে।

কর্মশালায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব ফয়েজ আহম্মদ বলেন, প্রবাসী কর্মীরা রেমিটেন্সের মাধ্যমে বাংলাদেশের দারিদ্র বিমোচন ও বিদেশের মাটিতে দেশের ভাবমূর্তি উন্নয়নে ভূমিকা রাখছেন। তাদের সর্বোচ্চ সেবা দিতে হবে। তিনি আরো বলেন, জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে সবাইকে নিবেদিত হয়ে কাজ করতে হবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহানের সভাপতিত্বে কর্মশালায় উপস্থিত ছিলেন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, মোঃ নজীবুল ইসলাম, যুগ্মসচিব মোঃ ফজলুল করিম, নাসরীন জাহান, মোঃ মোশাররফ হোসেন, মোঃ যাহিদ হোসেন প্রমুখ।

